আপনার শহরকে পরিচ্ছন্ন

ও সবুজ রাখুন

শেখ হাসিনার মূলনীতি

গ্রাম শহরের উন্নতি

চট্টগ্রাম সিটি কর্পোরেশন
সচিবালয় বিভাগ (সাধারণ শাখা)
বাটালি হিল, টাইগারপাস, চট্টগ্রাম
**www.ccc.gov.bd**

## চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ১৫তম সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মো. রেজাউল করিম চৌধুরী
মেয়র, চট্টগ্রাম সিটি কর্পোরেশন

সভার তারিখ : ২৮ এপ্রিল ২০২২ খ্রিঃ

স্থান : কে.বি আবদুচ ছত্তার মিলনায়তন
(আন্দরকিল্লাস্থ পুরাতন নগর ভবন)

সভার সময় : দুপুর- ২.০০ টা

পবিত্র কোরআন তিলাওয়াতের মাধ্যমে সভা শুরু করা হয়। শুরুতে সভাপতি উপস্থিতসকল প্যানেল মেয়র, কাউন্সিলর, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কর্মকর্তা ও অন্যান্য সংস্থার প্রতিনিধিবৃন্দকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে সভা পরিচালনা করার জন্য চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব মোহাম্মদ শহীদুল আলমকে আহবান জানান। সভাপতির অনুমতিক্রমে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা এজেন্ডা ভিত্তিক সভার কার্যক্রম শুরু করেন।

শুরুতে গত ২৮ মার্চ ২০২২ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ১৪তম সাধারণ সভার কার্যবিবরণী উপস্থাপন করা হয় এবং কারো আপত্তি না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

প্রধান নির্বাহী কর্মকর্তার আহবানে সচিব জনাব খালেদ মাহমুদ গত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা সুস্পষ্টভাবে উল্লেখ করার জন্য বিভাগীয় প্রধানদের আহবান জানান।

বিদ্যুৎ বিভাগ সম্পর্কিত গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি প্রতিবেদনে উল্লেখ করা হয় এলইডি বাতির পুল স্থাপনে অনিয়মের বিষয়ে অভিযোগের তদন্ত কার্যক্রম চলমান রয়েছে। এলওসি প্রকল্পের দরপত্রের কাজ কার্যক্রম দ্রুততার সাথে চলমান রয়েছে। নতুন এলইডি শেড স্থাপনোত্তর প্রাপ্ত পুরাতন শেডসমূহ বাতিবিহীন পোলে স্থাপনের ব্যবস্থা গ্রহণ করা হবে। তাছাড়া প্রতিটি ওয়ার্ডে ১০০ টি এনার্জি শেড স্থাপনের নিমিত্তে নথি উপস্থাপন করা হয়েছে। অনুমোদন সাপেক্ষে ই- টেন্ডার আহবান পূর্বক সরবরাহের ব্যবস্থা নেওয়া হবে।

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের যান্ত্রিক শাখার কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদনে উল্লেখ করা হয়, মাদারবাড়ীতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের জায়গায় স্তুপীকৃত রাবিশসমূহ অপসারণপূর্বক নির্বাহী প্রকৌশলী ডিভিশন-২ এর তদারকিতে সীমানা প্রাচীর তৈরীর কার্যক্রম চলমান রয়েছে। চসিকের নিজস্ব ওয়ার্কসপে গাড়ী মেরামত কার্যক্রম নিজস্ব লোকবল দ্বারা চলমান আছে। আরো বৃহদাকারে মেরামত কার্যক্রম নিশ্চিতের জন্য কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক যান্ত্রিক ষ্টোরের মালামালের ষ্টক ফরমেট অনুযায়ী তালিকা তৈরীর কাজ চলমান আছে। পাশাপাশি পুরাতন গুদাম সংস্কার/ নতুন গুদাম ভবনের ব্যবস্থা করার জন্য প্রকৌশল বিভাগের ডিভিশন-৪ কে প্রধান প্রকৌশলী মহোদয় নির্দেশনা প্রদান করে।

সচিব জনাব খালেদ মাহমুদ সাধারণ সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন ও অগ্রগতির প্রতিবেদনে তথ্য উপাত্ত সমূহ আরো সুনিদিষ্টভাবে উল্লেখ করে যথাসময়ে উপস্থাপনের জন্য স্ব স্ব বিভাগকে নির্দেশনা দেন। তিনি বিগত সাধারণ সভার কার্যবিরণীতে অন্তর্ভুক্ত অবাস্তবায়িত সিদ্ধান্ত সমূহ উল্লেখপূর্বক তা দ্রুত বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট বিভাগের দৃষ্টি আর্কষণ করেন।

অতঃপর পরবর্তী আলোচ্যসূচি অনুযায়ী আলোচনায় অংশগ্রহণের জন্য প্রধান নির্বাহী কর্মকর্তা সকলের প্রতি অনুরোধ জানান।

১.১: ৮নং শুলকবহর ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোরশেদ আলম আগামী ১৫ জুন থেকে ২১ জুন পর্যন্ত অনুষ্ঠিতব্য ৬ষ্ঠ জনশুমারি ও গৃহগণনা কর্মসূচিতে সরকারের ভাবমূর্তি ও সুনাম রক্ষার্থে কাউন্সিলরদের উপর শতভাগ আস্থা রেখে সহযোগিতা নিয়ে সমন্বয়ের মাধ্যমে সম্পন্ন করার অনুরোধ জানান।

১.২: ১৫নং বাগমনিরাম ওয়ার্ডের কাউন্সিলর ও প্যানেল মেয়র জনাব মোহাম্মদ গিয়াস উদ্দীন কাউন্সিলর কার্যালয়ে ব্যবহারের নিমিত্তে প্রয়োজনীয় আসবাবপত্রসমূহ দ্রুততার সাথে সরবরাহের অনুরোধ জানান।

১.৩: চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উপ-প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা জনাব মোরশেদুল আলম চৌধুরী বলেন, মশক নিধনের জন্য ৩২০০ লিটার ঔষধ ইতোমধ্যে ক্রয় করা হয়েছে যা প্রতি ওয়ার্ডে ৩০-৪০ লিটার করে সরবরাহ করা হবে। বিশদ আকারে মশক নিধনের ঔষধ কেনার জন্য ঈদের পরবর্তী ১৫ দিনের মধ্যে দরপত্র আহবান করা

হবে। স্প্রে-ম্যান থেকে শুরু করে সুপারভাইজার,পরিদর্শক ,জোন প্রধান পর্যন্ত সবাই স্ব স্ব ওয়ার্ডের কাউন্সিলর মহোদয়ের মাধ্যমে কাজ করে থাকে।এদের হাজিরা থেকে সব কাজ কাউন্সিলররা নিশ্চিত করে। হালিশহর,আরেফিন নগর টিজির লংবুম স্কেভেটরগুলো প্রায়শ নষ্ট হয়ে থাকে যা দ্রুততার সাথে মেরামত করা হয় না। ফলে টিজির ময়লাগুলো রাস্তায় চলে আসে। ময়লা অপসারণের টমটমগুলো ওয়ার্ডে যথাসময়ে আসে না যার দরূণ রাস্তায় দীর্ঘক্ষণ ময়লা পড়ে থাকে। তিনি বলেন,আমাদের ২০ টা স্কেভেটর প্রয়োজন হলেও চসিকের নিজস্ব ৭টা স্কেভেটর দিয়ে বর্তমানে খাল নালা পরিষ্কার করা হচ্ছে। বর্ষার আগে সব খাল নালা পরিষ্কার করতে হলে আরো কমপক্ষে ৫ টি স্কেভেটর প্রয়োজন। স্কেভেটরগুলো নষ্ট হলে মেরামতে দীর্ঘদিন সময় নেওয়া হচ্ছে বলে তিনি উল্লেখ করেন।

১.৪: প্রধান প্রকৌশলী জনাব রফিকুল ইসলাম বলেন, বিগত মাসে সর্বমোট ১৩৯৮.৩০ বর্গমিটার ফুটপাতের স্ল্যাব, টাইলস মেরামতের কাজ করা হয়েছে। ১০২৮.৭০ মি. নিরাপত্তা বেষ্টনী নির্মাণ করা হয়েছে। সিডিএ-এর মেগা প্রকল্প বর্হিভূত ২১ টি খাল খননের সম্ভাব্যতা যাচাইয়ের জন্য পরামর্শক নিয়োগের নথি অনুমোদনের অপেক্ষায় আছে, যা অনুমোদন সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে। ৬০৬৫ বর্গমিটার পটহোল মেরামত করা হয়েছে । সিডিএ কর্তৃক বাস্তবায়নাধীন মেগা প্রকল্পের অগ্রগতি নিয়ে বিগত ০৬/০৪/২০২২ খ্রি. তারিখে মাননীয় মেয়র মহোদয়ের সভাপতিত্বে সিডিএ'র চেয়ারম্যান মহোদয়ের উপস্থিতিতে সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে। মাননীয় মেয়র মহোদয়ের নির্দেশে অগ্রাধিকার ভিত্তিতে জলাবদ্ধতাপ্রবণ ৩,৪,৬,৮,১৪,১৬,১৭,১৮ ও ১৯নং ওয়ার্ডের খাল-নালার মাটি উত্তোলনের কাজ চলমান রয়েছে। ৫,১২,১৯,২১,৩৮,৩৯ ও ৪১ নং ওয়ার্ড কার্যালয়ের সংস্কার কাজ চলমান রয়েছে। ১,১৯, ও ৩৩ নং ওয়ার্ড কার্যালয়ের সংস্কার কাজ অনুমোদনের অপেক্ষায় রয়েছে। সদ্য অনুমোদন প্রাপ্ত ২৪৯৫ কোটি টাকার সড়ক,ফুটওভার ব্রীজ নির্মাণ প্রকল্পের এপিপি অনুমোদনের অপেক্ষায় আছে। ১২৩০ কোটি টাকার এডিপি প্রকল্পের ভৌত অগ্রগতি ৭৫%, বাস টার্মিনালের জমি অধিগ্রহণ প্রক্রিয়ায় আছে। সেবক কলোনী নির্মাণ প্রকল্পের ভৌত অগ্রগতি ১২%, বারইপাড়া খালখনন প্রকল্পের ভৌত অগ্রগতি ১২%,এবং জাইকা প্রকল্পের ভৌত অগ্রগতি ৯৬% ।

১.৫: পরিসংখ্যান ব্যুরোর থানা পরিসংখ্যানবিদ জনাব মোঃ মোখলেছুর রহমান ৬ষ্ঠ জনশুমারি ও গৃহ গণনার উপর একটি পাওয়ারপয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করেন। "জনশুমারিতে তথ্য দিন,পরিকল্পিত উন্নয়নে অংশ নিন" প্রতিপাদ্যে ১৫ থেকে ২১ জুন ২০২২ পর্যন্ত এ কর্মসূচি চট্টগ্রাম নগরীতে বাস্তবায়নের জন্য প্রধান নির্বাহী কর্মকর্তার অনুমতির প্রেক্ষিতে প্রধান রাজস্ব কর্মকর্তাকে সভাপতি করে একটি কমিটি গঠন করা হয়েছে। এ কমিটির মাধ্যমে ৩ জন সমন্বয়কারী, ১৪ জন সহকারী সমন্বয়কারী, ৬৯ জন জোনাল অফিসার, ১১০৩ জন সুপারভাইজার ও ৬৫১৪ জন গণনাকারী নিয়োগ প্রদান করা হয়েছে। জনশুমারীর তথ্য ডিজিটালি তথ্য ভান্ডারে সংরক্ষণ করা হবে। এ জন্য বিভিন্ন মাধ্যমে প্রচার-প্রচারণা চালানো হবে এবং মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা এমপি জনশুমারী

S V

উপলক্ষে জাতীর উদ্দেশ্যে ভাষণ প্রদান করবেন। এ কার্যক্রম সুচারুরূপে সম্পন্ন করার লক্ষ্যে সভায় সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয়।

১.৬: সম্মানিত সভাপতি মাননীয় মেয়র জনাব মোঃ রেজাউল করিম চৌধুরী তাঁর বক্তব্যের শুরুতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্যানেল মেয়রবৃন্দ, কাউন্সিলরবৃন্দ,কর্মকর্তাবৃন্দ ও অন্যান্য সংস্থা থেকে আগত কর্মকর্তাবৃন্দকে শুভেচ্ছা ও অভিনন্দন জানান। তিনি বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন একটি সেবামূলক প্রতিষ্ঠান। নাগরিক সেবার মান কিভাবে বৃদ্ধি করা যায় সে দিকে সব সময় গুরুত্ব দিতে হবে। নাগরিকদের জীবনমান কতটুকু উন্নততর করা গেল কাউন্সিলরদের জনপ্রতিনিধি হিসেবে সে দিকে দৃষ্টি রাখতে হবে। চট্টগ্রাম সিটি কর্পোরেশনকে একটি পরিবেশ বান্ধব স্মার্ট সিটিতে পরিণত করাই হবে এ পরিষদের মূল লক্ষ্য।

চট্টগ্রাম নগরীর উন্নয়নে ২৪৯৫ কোটি টাকার সড়ক ,ফুটওভার ব্রীজ নির্মাণ প্রকল্প এবং বারইপাড়া খাল খনন প্রকল্পের ১৩৭০ কোটি টাকা কোনরুপ ম্যাচিং ফান্ড ব্যতিরেকে শতভাগ সরকারী অর্থায়নে বাস্তবায়নের অনুমোদন প্রদান করায় সভায় সর্বসম্মতিক্রমে মাননীয় প্রধানমন্ত্রী ও স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী এবং স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব-এর প্রতি আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করা হয়। সভাপতি এ প্রকল্পগুলো বাস্তবায়নের ক্ষেত্রে চসিকের কাউন্সিলর ও সংশ্লিষ্ট বিভাগকে যথাযথভাবে দায়িত্ব পালন করার আহবান জানান।

মশকের উপদ্রবে সৃষ্ট ভোগান্তি প্রসঙ্গে তিনি বলেন, নগরীর প্রধান সমস্যা জলাবদ্ধতা হলেও জনগণের ভোগান্তি এখন মশার উৎপাত । তিনি আরো বলেন এ বিষয়টিকে গুরুত্বের সাথে বিবেচনা করে চট্টগ্রাম সিটি কর্পোরেশন ইতোমধ্যে মশক নিধনের জন্য আলাদা একটি শাখা এবং একজন মশক নিধন কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করেছে। দায়িত্বপ্রাপ্ত কর্মকতাকে আলাদা অফিসের ব্যবস্থা ও সুনির্দিষ্ট দায়িত্ব প্রদানের জন্য সভাপতি প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তাকে নির্দেশ প্রদান করেন। এ শাখায় নিয়োজিত স্প্রেম্যানরা সর্বদা মশক নিধন কাজেই নিয়োজিত থাকবে। ঔষধ প্রয়োগ করা, মশক প্রজনন ক্ষেত্রগুলো ধ্বংস করা এবং ঝোঁপ-ঝাড় পরিষ্কার করা হবে এদের মূখ্য কাজ। পরিচ্ছন্ন বিভাগের অন্যান্য কাজে এ সকল স্প্রেম্যানদেরকে ব্যবহার করা যাবে না।মশক নিধন শাখার কার্যক্রমের মাসওয়ারি প্রতিবেদন উপস্থাপনেরও নির্দেশ প্রদান করেন।

সভাপতি পরিষ্কার পরিচ্ছন্নতার কার্যক্রমের বিষয়ে অসন্তুষ্টি প্রকাশ করে বলেন, ডোর টু ডোর কার্যক্রমে নিয়োজিত সেবকদের ছবিযুক্ত ওয়ার্ডভিত্তিক তালিকা আগামী সাধারণ সভার আগে উপস্থাপন করতে হবে। এদের মধ্যে কারো কারো বিরুদ্ধে কাজ না করে বেতন গ্রহণের যে অভিযোগ আছে তা প্রমাণিত হলে অভিযুক্তদের চাকুরীচ্যুত করা হবে।ইতোমধ্যে চসিক'র পরিচ্ছন্নতা কার্যক্রমকে গতিশীল করার জন্য ৬টি জোনে বিভক্ত করে ৬ জন কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করা হয়েছে। জোন প্রধান এবং এলাকার সুপারভাইজার তদারকির মাধ্যমে দায়িত্ব

পালন করবে। এতে কোন রকমের অবহেলা পরিলক্ষিত হলে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে বলেও তিনি হুশিয়ারী উচ্চারণ করেন।

পুরকৌশল বিভাগের উদ্দেশ্যে সভাপতি বলেন, স্কেভেটর, ডাম্প ট্রাক ভাড়া করে ছোট বড় নালা-খাল থেকে মাটি উত্তোলনের কাজ বর্ষা শুরু হওয়ার পূর্বে সম্পূর্ণরূপে শেষ করতে হবে। মেগা প্রকল্পের আওতায় যে সব খালসমূহের বাঁধ অপসারণ, মাটি উত্তোলন কাজ এখনো সম্পন্ন হয়নি সিডিএ-কে এ বিষয়ে পত্র দ্বারা অবগত করে সমন্বয়ের মাধ্যমে তা দ্রুত সম্পন্ন করতে হবে।

ফুটপাতের স্ল্যাব,টাইলস, সম্পূর্ণ মেরামত করে পথচারীদের নিরাপদে চলাচলের উপযোগী করতে হবে। মেগা প্রকল্পের যে স্থানে কাজ চলছে সেখানকার ঝুঁকিপূর্ণ স্থানসমূহে নিরাপত্তা বেষ্টনী নিশ্চিত করতে হবে। নগরীতে মেগা প্রকল্প বর্হিভূত বাকী ২১টি খালের অবস্থান চিহ্নিত করে সীমানা নির্ধারণ ও সম্ভব্যতা যাচাইয়ের জন্য পরামর্শক নিয়োগের প্রক্রিয়া দ্রুততার সাথে সম্পন্ন করতে হবে। ওয়াসার কর্তনকৃত রাস্তা ও অলি গলির খানা-খন্দকসমূহ বর্ষা মৌসুমের পূর্বে প্যাচওর্য়াকের মাধ্যমে পরিপূর্ণভাবে মেরামত করতে হবে। তিনি নগরীর যেসকল রাস্তা ও ফুটপাত মেরামত ও নতুন ভাবে কাঁচা রাস্তাসমূহ উন্নয়ন ও নির্মাণ করা আবশ্যক সেসকল রাস্তা ও ফুটপাতের ওয়ার্ডভিত্তিক তালিকা প্রণয়নপূর্বক জমা প্রদানের জন্য কাউন্সিলরদের আহবান জানান।

নগরীর আলোকায়ন প্রসঙ্গে মেয়র বলেন, শহরে যে সব স্থানে সড়কবাতি জ্বলে না তাতে নতুন বাতি প্রতিস্থাপন করতে হবে। ওয়ার্ডের চাহিদা অনুযায়ী এলইডি বাতি, এনার্জি বাতি, বৈদ্যুতিক তারসহ আনুসাঙ্গিক মালামাল সময়মত সরবরাহ করতে হবে। নগরে বিদ্যমান সড়কবাতির খুঁটিগুলোর কোনটিতে সড়কবাতি না জ্বললে তার দায়ভার সংশ্লিষ্টদের নিতে হবে এবং তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহন করা হবে।

সভাপতি চট্টগ্রাম সিটি কর্পোরেশনকে স্বাবলম্বী করার উপর গুরুত্ব দিয়ে রাজস্ব বিভাগ সম্পর্কে বলেন, সিটি কর্পোরেশনের যে সকল খাত থেকে আইনগতভাবে কর, টোল, ফিস আদায়ের সুযোগ আছে তা বাস্তবায়নে কার্যকর উদ্যোগ নিতে হবে এবং চসিকের যে জায়গা অব্যবহৃত বা পরিত্যাক্ত অবস্থায় আছে সে সকল জায়গা তৃতীয় পক্ষের মাধ্যমে উন্নয়ন করার আইনগত কোন সুযোগ আছে কিনা তার খতিয়ে দেখতে অনুরোধ করেন।তিনি ই-রেভিনিউ পদ্ধতির ব্যবহার নিশ্চিত করে গৃহকর,ট্রেড-লাইসেন্স ফি অনলাইনে আদায়ের ব্যবস্থা গ্রহণের উপর গুরুত্বারোপ করেন।

সম্মানিত সভাপতি প্রকৌশল বিভাগের অধীন যান্ত্রিক শাখার উদ্দেশ্যে বলেন, যান্ত্রিক শাখার যে গাড়িগুলো নষ্ট বা অকেজো সেসকল গাড়িগুলো নিলামে বিক্রি করা এবং মেরামতযোগ্য গাড়িগুলো দ্রুত মেরামতের পদক্ষেপ নিতে নির্দেশ প্রদান করেন। ইতোপূর্বে যান্ত্রিক শাখার জন্য প্রণীত সফটওয়্যারের মাধ্যমে যানবাহন,জ্বালানী ব্যবস্থাপনা নিশ্চিত করতে হবে।

সভাপতি বলেন,নিয়ম অনুযায়ী কর্মচারী নিয়োগ, বদলী, পদোন্নতিসহ সকল ধরনের মানব সম্পদ ব্যবস্থাপনা সচিবালয় বিভাগের মাধ্যমে সম্পন্ন করতে হবে। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কর্মরত সকলের মধ্যে আন্তঃব্যক্তিক সম্পর্ক সুন্দর ও সাবলীল হতে হবে। কোনভাবেই সম্পর্কের অবনতি ঘটানো বা পারস্পরিক কোন ধরনের অনাকাংখিত ঘটনায় জড়ানো যাবে না। অনাকাংখিত ঘটনাকে কেন্দ্র করে কাজ বন্ধ রাখা বা কর্মবিরতির হুমকি প্রদানসহ যে কোন ধরনের ঔদ্ধত্য আচরণ হতে সকলকে বিরত থাকতে হবে। ইতোপূর্বে যান্ত্রিক শাখার পরিচ্ছন্ন কাজে নিয়োজিত চালকদের সাথে উপপ্রধান পরিচ্ছন্ন কর্মকর্তার সংগঠিত অনাকাংখিত ঘটনার ন্যায় কোন ঘটনা যাতে ভবিষ্যতে আর না ঘটে সেবিষয়ে সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকার জন্য সভাপতি নির্দেশ প্রদান করেন এ সংক্রান্ত গঠিত তদন্ত কমিটির প্রতিবেদেনর প্রেক্ষিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে বলেও সভাপতি সভাকে অবহিত করেন।

সভাপতি আসন্ন ১৫ থেকে ২১ জুন ২০২২ খ্রি. মধ্যে অনুষ্ঠেয় ৬ষ্ঠ জনশুমারি ও গৃহ গণনা কার্যক্রমে সঠিক তথ্য ও উপাত্ত সংগ্রহে সম্মানিত কাউন্সিলরদের সাথে সমন্বয়ের মাধ্যমে যথাযথভাবে সম্পন্ন করার জন্য পরিসংখ্যান ব্যুরোকে অনুরোধ করেন।

তিনি বলেন,নগরবাসীর মন জয় করতে না পারলে চসিক'র এ পরিষদের সকল কর্মকান্ড ব্যর্থতায় পর্যবসিত হবে। তাই প্রত্যেক কাউন্সিলরকে নিজ নিজ ওয়ার্ডের জনগণকে সন্তুষ্ট রাখতে সেবামূলক কাজগুলো সঠিকভাবে সম্পন্ন করে নিজেদের সুনাম অর্জনের পদক্ষেপ নিতে হবে ।

তিনি পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে নগরীর ৪১ ওয়ার্ড কাউন্সিলরদের তত্ত্বাবধানে যেসকল ঈদ জামাত অনুষ্ঠিত হবে তাতে যেন সম্মানিত মুসল্লীরা যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক নির্বিঘ্নে ঈদ জামাতে অংশগ্রহণ করতে পারেন সে দিকে লক্ষ্য রাখার আহবান জানান।

সভাপতি নগরীতে সকল সেবাদানকারী সংস্থাকে তাদের কাজের সমন্বয়ের উপর পূনরায় গুরুত্বারোপ করেন এবং সকলের অর্পিত দায়িত্ব সবোর্চ্চ আন্তরিকতা ও নিষ্ঠার সাথে পালনের জন্য অনুরোধ জানান।

**উপরোক্ত আলোচনার প্রেক্ষিতে নিম্মরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়।**

**আলোচ্যসূচি ০১ ঃ গত ২৮-মার্চ ২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ১৪ম সাধারণ সভার কার্যবিবরণী অনুমোদন**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| সভাপতির অনুমতিক্রমে বিগত ২৮মার্চ ২০২২খ্রি. তারিখে অনুষ্ঠিত ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ১৪তম সাধারণ সভার কার্যবিবরণী প্রধান নির্বাহী কর্মকর্তা সভায় উপস্থাপন করেন। | কোন সংযোজন বিয়োজন না থাকায় সর্বসম্মতিক্রমে ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ১৪তম সাধারণ সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। | ১। সচিব<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন |

আলোচ্যসূচি ০২ ঃ গত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| বিগত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রধান নির্বাহী কর্মকর্তার আহবানে সচিব সভায় উপস্থাপন করেন। সভায় বিগত সভার সিদ্ধান্তের অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | বিগত সভার অবাস্তবায়িত নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ দ্রুত বাস্তবায়ন করতে হবে।<br><br>১।(ক) বর্ষা আসন্ন বিধায় অতি দ্রুততার সাথে সিডিএ'র মেগা প্রকল্প বর্হিভূত খাল, নালা নর্দমাগুলোর চলমান মাটি উত্তোলন ও আর্বজনা অপসারণের কাজ স্কেভেটর, ডাম্প ট্রাক ভাড়া করে ও আউট সোর্সিং এর মাধ্যমে অতিরিক্ত জনবল দিয়ে দ্রুত পরিষ্কার করতে হবে। যে সব নালা নর্দমায় ও খালে স্কেভেটর প্রবেশ করানো যাবে না সেসব স্থানে শ্রমিক দিয়ে আর্বজনা উত্তোলন করতে হবে। উত্তোলনকৃত কর্দমাক্ত মাটি আবর্জনা দ্রুত রাস্তা থেকে অপসারণ করতে হবে। এই কার্যক্রম মে মাসের মধ্যে সম্পন্ন করতে হবে।<br><br>খ) মেগা প্রকল্পের আওতায় যে সব খাল সমূহের মাটি উত্তোলন কাজ এখনো সম্পন্ন হয়নি সিডিএ'কে এ বিষয়ে পত্র মারফত অবগত করে সমন্বয়ের মাধ্যমে তা দ্রুত সম্পন্ন করতে হবে।<br><br>গ) নগরীর যে সব মূল সড়ক,অলিগলির নষ্ট,খানা-খন্দকযুক্ত স্থানসমূহ চিহ্নিত করে এখনো প্যাচওয়ার্ক,কার্পেটিং সম্পন্ন করা হয়নি তা দ্রুত সম্পন্ন করতে হবে। ঝুঁকিপূর্ণ খাল নালা সমূহের নিরাপত্তা প্রাচীর/স্ল্যাব নির্মাণ,ওয়াসা ও অন্যান্য সংস্থা কর্তৃক কর্তনকৃত ও বিনষ্ট রাস্তাসমূহ দ্রুত সংস্কার করতে হবে। | ১। (ক) (১) প্রধান প্রকৌশলী<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>(ক)(২)প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>(খ) (গ) (ঘ) (ঙ)<br>প্রধান প্রকৌশলী<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>২। প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>৩। (ক) নির্বাহী ম্যাজিস্ট্রেট<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>(খ) প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>(গ) ম্যালেরিয়া ও মশক নিয়ন্ত্রণ কর্মকর্তা(অতিরিক্ত দায়িত্ব)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br><br>৪। প্রধান রাজস্ব কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন।<br>৫। (ক) তত্ত্বাবধায়ক প্রকৌঃ (ভাঃ প্রাঃ) (বিদ্যুৎ)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>(খ) নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন |



S V

| | | |
|---|---|---|
| | ঘ) ওয়ার্ড অফিস সংস্কারের হাল নাগাদ প্রতিবেদন উপস্থাপন করতে হবে।<br><br>ঙ) ২৪৫০ কোটি টাকার সড়ক,ফুটওভার ব্রীজ, নির্মাণ প্রকল্প ১২৩০ কোটি টাকার বাস ট্রাক টার্মিনাল নির্মাণ প্রকল্প , সেবক কলোনী নির্মাণ প্রকল্প, খাল নালা সংস্কার ও মাটি উত্তোলন প্রকল্প, বারইপাড়া খাল খনন প্রকল্প ,জাইকার প্রকল্প ও এডিপি প্রকল্পসমূহ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে এবং অগ্রগতি প্রতিবেদন উপস্থাপন করতে হবে।<br><br>২। ক) ডোর টু ডোরে কর্মরত শ্রমিকদের ছবি সহ তালিকা মেয়র মহোদয় বরাবর পেশ করতে হবে।<br><br>খ) ৬টি জোন/অঞ্চলগুলোর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা,তত্ত্বাবধায়ক,পরিদর্শক,সুপারভাইজার কর্তৃক পরিচ্ছন্নতা কার্যক্রম নিরবিচ্ছিন্ন তদারকি করতে হবে এবং দায়িত্বে অবহেলাকারীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>৩। নগরীর ঝোপ-ঝাড়,নালা-নর্দমা পরিষ্কারের মাধ্যমে মশক প্রজনন ক্ষেত্র ধ্বংস করতে হবে এবং মনিটরিং এর দায়িত্বপ্রাপ্ত ম্যাজিষ্ট্রেট/কর্মকর্তা কর্তৃক মশক নিধন কার্যক্রম তদারকি জোরদার করতে হবে এবং ওয়ার্ড ভিত্তিক কাজের অগ্রগতি প্রতিবেদন মাস ওয়ারী কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে। | |

| | | |
|---|---|---|
| | ৪। ক) স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় নির্দেশনামতে ২০১৭-২০১৮ অর্থ বছরের পঞ্চবার্ষিক গৃহকর মূল্যায়নের ভিত্তিতে জুলাই ২০২২ থেকে গৃহকর আদায় করতে হবে।<br><br>খ) অননুমোদিত স্ল্যাব চিহ্নিত করে তা থেকে নির্ধারিত ফি আদায় করতে হবে।<br><br>৫।(ক) ওয়ার্ডের চাহিদা অনুযায়ী এলইডি বাতি, এনার্জি বাতি, বৈদ্যুতিক তারসহ আনুসাঙ্গিক মালামাল সময়মত সরবরাহ করতে হবে।<br><br>খ) নগরীর সড়কসমূহে নিরবচ্ছিন্নভাবে আলোকায়নের জন্য যেখানে সড়ক বাতির পোল, শেড নেই সেখানে পুরাতন পোল, শেড স্থাপন করে জরুরি ভিত্তিতে সড়কবাতি স্থাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |

## আলোচ্যসূচি ৩ (ক) ঃ নগর অবকাঠামো নির্মাণ ও সংরক্ষণ স্থায়ী কমিটির ৯ম সভার কার্যবিবরণীঅনুমোদন

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| গত ২১ এপ্রিল ২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত নগর অবকাঠামো নির্মাণ ও উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির ৯ম সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয়। সভায় গৃহীত ৪টি সিদ্ধান্তের মধ্যে ৪ টি বাস্তবায়নে সাধারণ সভার অনুমোদন প্রয়োজন বিধায় নিম্মোক্ত বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে সর্বসম্মতিক্রমে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় ।<br><br>১। নতুন ঠিকাদার তালিকাভুক্তিকরণ বিষয়ে আলোচনা হয়।<br><br>২। ল্যাব চালু করার বিষয়ে আলোচনা হয়।<br><br>৩। প্রকৌশল বিভাগের সার্বিক ব্যবস্থাপনার স্বার্থে ড্রেনেজ, ট্রান্সপোর্টেশন, বর্জ্য ব্যবস্থাপনা, প্রকিউরমেন্ট ও ট্রেনিং ইউনিট চালুর বিষয়ে আলোচনা হয়।<br><br>৪। সম্পাদিত কাজের বিলের সাথে সংশ্লিষ্ট কাউন্সিলর মহোদয়ের প্রত্যয়ন নেওয়ার বিষয়ে আলোচনা হয়। | ১। নতুন ঠিকাদার তালিকাভুক্তিকরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>২। পুরকৌশল কাজে ব্যবহৃত মালামালের মান যাচাইয়ের লক্ষ্যে জরুরি ভিত্তিতে ল্যাব চালু করার বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>৩। প্রকৌশল বিভাগের তত্ত্বাবধায়ক প্রকৌশলীর তত্ত্বাবধানে প্রকৌশলীগণের ড্রেনের সার্কেল, ট্রান্সপোর্টেশন সার্কেল, বর্জ্য ব্যবস্থাপনা সার্কেল এবং নির্বাহী প্রকৌশলীর তত্ত্বাবধানে প্রকিউরমেন্ট ও ট্রেনিং এর ডিভিশন চালুর বিষয়ে যাচাই বাছাই পূর্বক প্রতিবেদন আকারে পরবর্তী সভার উপস্থাপন করতে হবে।<br>৪। সম্পাদিত কাজের চূড়ান্ত বিলের সাথে কাউন্সিলরগণের প্রত্যয়ন পত্র গ্রহণ করতে হবে। | ১।নির্বাহীপ্রকৌশলী(সংশ্লিষ্ট)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>২। প্রধান প্রকৌশলী<br>চট্টগ্রামসিটি কর্পোরেশন<br>৩। প্রধান প্রকৌশলী<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>৪।নির্বাহী প্রকৌশলী(সংশ্লিষ্ট)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন |

আলোচ্যসূচি ০৩ (খ) ঃ বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ক ষ্ট্যান্ডিং কমিটির ৫ম সভার কার্যবিবরনী অনুমোদন

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| গত ১৯এপ্রিল ২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ক স্থায়ী কমিটির ৯ম সভায় গৃহীত ৬টি সিদ্ধান্তের মধ্যে তিনটি বাস্তবায়নে সাধারণ সভার অনুমোদন প্রয়োজন বিধায় নিম্মোক্ত বিষয়গুলো নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br>আলোচনান্তে সর্বসম্মতিক্রমে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১। মশক নিধনের ঔষধ ক্রয় এবং ছিটানোর পরিকল্পনার বিষয়ে আলোচনা হয়। | ১। নগরীর ৪১ টি ওয়ার্ডের জরুরী ভিত্তিতে মশার ঔষধ ছিটানোর নিমিত্তে ৬ মাসের জন্য ১৫ হাজার লিটার এডালটিসাইড ও ২ হাজার লিটার লার্ভি সাইড এবং বছরব্যাপি ব্যবহারের জন্য ৪০ হাজার লিটার এডালটিসাইড ও ৫ হাজার লিটার লার্ভিসাইড ক্রয় প্রক্রিয়া আগামী সাধারণ সভার পূর্বে বিধি মোতাবেক সম্পন্ন করে তার কাগজপত্র সাধারণ সভায় উপস্থাপন করতে হবে। | ১। ক) প্রধান প্রকৌশলী<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) অতি. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>গ) প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>ঘ) কন্ট্রোলার অব ষ্টোর<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>ঙ) ম্যালেরিয়া ও মশক নিধন কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন |
| ২। পবিত্র শবে কদর ও ঈদুল ফিতরের সরকারি বন্ধকালীন সময়ে পরিচ্ছন্নতা ও মশক নিধন কার্যক্রম অব্যাহত রাখার প্রসঙ্গে আলোচনা হয়। | ২। পবিত্র শবে কদর ও ঈদুল ফিতরের সরকারি বন্ধকালীন সময়ে পরিচ্ছন্নতা ও মশক নিধন কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ২) ক। প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) ম্যালেরিয়া ও মশক নিধন কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন। |
| ৩। আউটসোর্সিং মাধ্যমে বর্জ্য সংগ্রহ ও পরিবহন সংক্রান্ত সমঝোতা চুক্তি স্বাক্ষরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা হয়। | ৩। প্রাপ্ত প্রস্তাবনা প্রশাসনিকভাবে অনুমোদিত হওয়ায় আউটসোর্সিং-এর মাধ্যমে বর্জ্য সংগ্রহ ও পরিবহন সংক্রান্ত সমঝোতা চুক্তিস্বাক্ষরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ৩। ক) প্রধান নির্বাহী কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) সচিব<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>গ) প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন |

আলোচ্যসূচি ০৩ (গ) ঃ পরিচালনা ও রক্ষণাবেক্ষণ বিষয়ক স্থায়ী কমিটির ১০ম সভার কার্যবিবরণী অনুমোদন

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ২১ এপ্রিল ২০২২ তারিখে অনুষ্ঠিত ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের পরিচালনা ও রক্ষণাবেক্ষণ বিষয়ক স্থায়ী কমিটির ১০ম সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়নে সাধারণ সভার অনুমোদন প্রয়োজন বিধায় নিম্মোক্ত বিষয়গুলো নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে সর্বসম্মতিক্রমে পার্শ্বোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।<br>১।অকেজো নিলামযোগ্য যান/যন্ত্রপাতি (দ্বিতীয়পর্যায়) নিলামে বিক্রির ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত বিষয়ে আলোচনা হয়।<br><br>২। মেরামত যোগ্য যান ও যন্ত্রপাতি সমূহের প্রাক্কলন প্রস্তুত করতঃ দ্রুত মেরামতের ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত বিষয়ে আলোচনা হয়।<br><br>৩। হালিশহর টিজি, আরেফিন নগর টিজি,সাগরিকা ইয়ার্ড এবং দামপাড়া ইয়ার্ডে পর্যাপ্ত সিসি টিভি ক্যামেরা স্থাপন এবং সিকিউরিটি গার্ডের সংখ্যা বৃদ্ধিকরণ বিষয়ে আলোচনা হয়।<br><br>৪। যান্ত্রিক বিভাগে মাষ্টার রোলে নিয়োজিত কর্মচারীদের বেতন ভাতা সচিবালয়ের মাধ্যমে প্রদানের বিষয়ে আলোচনা হয়। | ১। আগামী ১ মাসের মধ্যে অকেজো নিলামযোগ্য যান/যন্ত্রপাতি (দ্বিতীয় পর্যায়) নিলামে বিক্রির ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>২। মেরামত যোগ্য যান ও যন্ত্রপাতি সমূহের প্রাক্কলন প্রস্তুতকরতঃ দ্রুত মেরামতের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>৩।হালিশহর টিজি, আরেফিন নগর টিজি,সাগরিকা ইয়ার্ড এবং দামপাড়া ইয়ার্ডে পর্যাপ্ত সিসি টিভি ক্যামেরা স্থাপন এবং সিকিউরিটি গার্ডের সংখ্যা বৃদ্ধি করতে হবে।<br><br>৪। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রকৌশল যান্ত্রিক শাখায় নিয়োজিত মাষ্টার রোলে টমটম চালক,আবর্জনাবাহী গাড়ী চালক, প্ল্যান্ট অপারেটর,এম্পিভিয়াস চালক ও কন্টেইনার মুভার হেলপার, ক্রেন অপারেটর ফিটার ও ইত্যাদি পদে বর্তমানে নিয়োজিত ১১৯ জন কর্মচারীর ভাতাদি অন্যান্য কর্মচারীদের ন্যায় সচিবালয়ে মাধ্যমে প্রদানের সুবিধার্থে নিয়োগ সংক্রান্ত কাগজপত্রাদিসহ ব্যক্তিগত নথি সচিবালয় বিভাগে প্রেরণ করতে হবে। | ১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী ( যান্ত্রিক)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী ( যান্ত্রিক)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>৩। ক)তত্ত্বাঃ প্রকৌশলী (যাঃ)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) আইটি অফিসার<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>গ) সিকিউরিটি অফিসার<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>৪। ক) সচিব<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) তত্ত্বাঃ প্রকৌশলী ( যান্ত্রিক)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন |

আলোচ্যসূচি৩ (ঘ) ঃ দারিদ্র হ্রাসকরণ ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির ১০ম সভার কার্যবিবরণী অনুমোদন

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| গত ২৪এপ্রিল তারিখে অনুষ্ঠিত দারিদ্র হ্রাসকরণ ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির ১০ম সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয়। সভায় গৃহীত ২টি সিদ্ধান্ত বাস্তবায়নে সাধারণ সভার অনুমোদন প্রয়োজন বিধায় নিম্মোক্ত বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে সর্বসম্মতিক্রমে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় ।<br>১। গ্রীষ্ম ও বর্ষা মৌসুমে অতিরিক্ত গরমে দরিদ্র মানুষের মাঝে ডায়রিয়া ও কলেরার প্রকোপ বেড়ে যেতে পারে। এছাড়া বর্ষা মৌসুমে ডেঙ্গু ও চিকুনগুনিয়ার প্রকোপ হ্রাসে বাড়ির আশপাশ, ড্রেন,টব,ডাবের খোসা, জমে থাকা পানি তে যেন এডিস মশা বংশ বিস্তার করতে না পারে সে ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা হয়।<br>২। নগরীর ড্রেন সচল রাখার দায়িত্বরত সেবকদের জোরালো ভূমিকা রাখার বিষয়ে আলোচনা হয়। | ১। গ্রীষ্ম ও বর্ষা মৌসুমে অতিরিক্ত গরমে দরিদ্র মানুষের মাঝে ব্যাপকভাবে ডায়রিয়া ও কলেরায় আক্রান্ত হওয়া রোধে এবং ডেঙ্গু ও চিকুনগুনিয়া প্রকোপ হ্রাসে বাড়ির আশপাশ, ড্রেন,টব,.ডাবের খোসা, স্বচ্ছ জমে থাকা পানিতে যেন এডিস মশা বংশ বিস্তার করতে না পারে সে বিষয়ে সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত কাউন্সিলর এবং ওয়ার্ডে দায়িত্বরত সরকারি বেসরকারি সংস্থার সাথে সমন্বয় করে গণসচেতনতা তৈরি করার জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। সম্মানিত কাউন্সিলর এবং সংরক্ষিত কাউন্সিলরকে নিজ নিজ ওয়ার্ডে কর্মরত সেবকদের দায়িত্ব পালনের বিষয়টি তদারকি করতে হবে। | ১। ক) সভাপতি ও সদস্যবৃন্দ<br>দারিদ্র হ্রাসকরণ ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি,<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন।<br>খ) বস্তি উন্নয়ন কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>২। সম্মানিত কাউন্সিলর (স্ব স্বওয়ার্ড)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন |

আলোচ্যসূচি৩ (ঙ) ঃ পানি ও বিদ্যুৎ বিষয়ক স্থায়ী কমিটির ৭ম সভারকার্যবিবরণী অনুমোদন

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| গত ২১এপ্রিল ২০২২ইং তারিখে অনুষ্ঠিত পানি ওবিদ্যুৎ বিষয়ক স্থায়ী কমিটির ৬ষ্ঠ সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয়। সভায় গৃহীত ২টি সিদ্ধান্ত বাস্তবায়নে সাধারণ সভার অনুমোদন প্রয়োজন বিধায় নিম্মোক্ত বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে সর্বসম্মতিক্রমে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় । | ১। ওয়ার্ড ভিত্তিক চাহিদার আলোকে জরুরি ভিত্তিতে এনার্জি বাতি, শেড,এলইডি বাতি সরবরাহ করতে হবে।<br>২। এসি রক্ষণাবেক্ষণের জন্য ই-জিপি এর ভিত্তিতে বার্ষিক ঠিকাদার নিয়োগ করতে হবে। | ১। ক) তত্ত্বাবধায়ক প্রকৌশণী(বিদ্যুৎ)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) নির্বাহী প্রকৌশলী( বিদ্যুৎ)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>২।ক)তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বিদ্যুৎ) |

| | | |
|---|---|---|
| ১। ওয়ার্ড ভিত্তিক চাহিদার আলোকে বৈদ্যুতিক সরঞ্জাম সরবরাহের বিষয়ে আলোচনা হয়<br>২।এসি রক্ষণাবেক্ষণের জন্য ই-জিপি এর ভিত্তিতে বার্ষিক ঠিকাদার নিয়োগ প্রসঙ্গে আলোচনা হয়। | | চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) নির্বাহী প্রকৌশলী( বিদ্যুৎ)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন |

আলোচ্যসূচি৩(চ) ঃ যোগাযোগ স্থায়ীকমিটির ১০ম সভার কার্যবিবরণী অনুমোদন

| আলোচ্য বিষয়/ কর্মসূচি | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ২১এপ্রিল ২০২২ ইং তারিখে অনুষ্ঠিত ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের যোগাযোগ ষ্ট্যান্ডিং কমিটির ৬ষ্ঠ সভার গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়নে সাধারণ সভায় অনুমোদন প্রয়োজন বিধায় সভায় উপস্থাপন করা হয় এবং নিম্নোক্ত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১। জলাবদ্ধতা নিরসনে সিডিএ'কে পত্র প্রেরণের বিষয়ে আলোচনা হয়।<br>২। বর্ষা শুরু হবার পূর্বে সমস্ত রাস্তা মেরামতের বিষয়ে আলোচনা হয়। | ১।সিডিএ'র চলমান প্রকল্পের আওতায় খালের বাঁধ অপসারণ এবং সিডিএ কর্তৃক নির্মাণকৃত ফ্লাইওভারের স্থান সমূহে ক্ষতিগ্রস্থ রাস্তা ঘাট সমূহ সংস্কার করার জন্য চউক বরাবর পত্র প্রেরণ করতে হবে।<br>২। বর্ষার আগে বিভাগীয় ভাবে প্যাচওয়ার্কের মাধ্যমে জরুরি ভিত্তিতে নগরীর সকল রাস্তা (প্রয়োজনুযায়ী) মেরামত করতে হবে। | ১। ক)প্রধান প্রকৌশলী<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) নির্বাহী প্রকৌশলী ( সকল)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>২। নির্বাহী প্রকৌশলী (সকল)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন |

আলোচ্যসূচি ৪ (ক) ঃ জলাবদ্ধতা নিয়ন্ত্রণে করণীয় নিয়ে আলোচনা।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| জলাবদ্ধতা নিয়ন্ত্রণে করনীয় বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়। | ১। মে মাসের মধ্যে সিডিএ'র মেগা প্রকল্প বর্হিভূত খাল-নালা- নর্দমাগুলো চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নিজস্ব স্কেভেটর,ডাম্প ট্রাক দ্বারা বা ভাড়া করে ও প্রয়োজনে আউটসোর্সিং এর মাধ্যমে অতিরিক্ত জনবল দিয়ে দ্রুত পরিস্কার করতে হবে।<br><br>২। জলাবদ্ধতার মেগা প্রকল্পের খাল, স্লুইচ গেইট পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় দক্ষ জনবল অর্গানোগ্রামে অন্তর্ভুক্ত করেজরুরি ভিত্তিতে মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে।<br><br>৩।নগরীর যে সমস্ত ছোট বড় নালা সমূহের পাশ দিয়ে চলাচলে ঝুঁকিপূর্ণ স্থান রয়েছে তা চিহ্নিত করে নিরাপত্তা দেয়াল/ বেষ্টনী/ স্ল্যাব এপ্রিলমাসের মধ্যে বসাতে হবে। নিরাপত্তা নির্দেশনা সংবলিত সাইনবোর্ড/ ষ্ট্যান্ড স্থাপন করতে হবে।<br><br>৪। রাস্তা, ফুটপাত ও কর্পোরেশনের নিজস্ব জায়গায় অবৈধ স্থাপনা উচ্ছেদের কার্যক্রম অব্যাহত রাখার মাধ্যমে নগরীকে যানজট ও জলজট মুক্ত রাখতে হবে। | ১। ক) প্রধান প্রকৌশলী<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>২। ক)সচিব<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ। প্রধান প্রকৌশলী<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>৩। প্রধান প্রকৌশলী<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br><br>৪। (ক) নির্বাহী ম্যাজিষ্ট্রেট<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>(খ) প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>(গ) ভূ-সম্পত্তি কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন |

আলোচ্যসূচি ৪ (খ) ঃ পরিচ্ছন্নতা বিভাগের বিষয়ে আলোচনা

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| পরিচ্ছন্নতা বিভাগের কার্যক্রম বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | ১। বর্ষার পূর্বে সকল প্রকার নালা নর্দমা খাল সম্পূর্ণ রুপে পরিষ্কার করে পানি নিষ্কাশন ব্যবস্থা সচল রাখতে হবে।<br>২। পরিচ্ছন্ন বিভাগের অধীনে কর্মরত ডোর টু ডোর কর্মীদের ওয়ার্ড ওয়ারী ছবি সম্বলিত তালিকা ১০ দিনের মধ্যে সভাপতি বরাবর উপস্থাপন করতে হবে।<br>৩। পরিচ্ছন্ন বিভাগে কর্মরত শ্রমিক, সুপারভাইজার,পরিদর্শক, জোন প্রধানদের কাজের জবাবদিহিতা নিশ্চিত করতে হবে।<br>এ সংক্রান্ত প্রতিবেদন মাস ওয়ারী পেশ করতে হবে।<br>৪। ওয়ার্ডে কর্মরত পরিচ্ছন্ন কর্মী সহ সকল কর্মচারীর ডিজিটাল হাজিরার ব্যবস্থা করতে হবে।<br>৫। রাস্তা,ফুটপাতের অবৈধ স্থাপনা উচ্ছেদ পরিবর্তী মনিটরিং এর জন্য গঠিত টিমের কার্যক্রমের রির্পোটি মাস ওয়ারী পেশ করতে হবে।<br>৬। নগরীর রাস্তা ফুটপাতের অবৈধ স্থাপনা, দোকান,ভাসমান ভ্যান উচ্ছেদের জন্য জেলা প্রশাসন, সিএমপি ,সিডিএ,চট্টগ্রাম সিটি কর্পোরেশন সমন্বিতভাবে সভা আয়োজন করে একযোগে উচ্ছেদের | ১। প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>২। প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>৩। প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>৪। আই টি অফিসার<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>৫। (ক) সচিব<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>(খ) প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>(গ) নির্বাহী ম্যাজিস্ট্রেট<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>৬। ক) প্রধান নির্বাহী কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) প্রধান/উপ-প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন |

| | | |
|---|---|---|
| | ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>৭। সকল ওয়ার্ডের বিভিন্ন অলিগলি, মসজিদের আশপাশ, কবরস্থান,নালা নর্দমা,বসতবাড়ীর আঙ্গিনাসহ অন্যান্য সকল স্থানের ঝোপঝাড় পরিষ্কার করা এবং কাজের অগ্রগতি প্রতিবেদন ওয়ার্ড ভিত্তিক প্রতিবেদন আকারে উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে।<br><br>৮। ২০২১-২০২২ অর্থ বছরের বাজেটে গৃহীত পরিকল্পনা অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতি এবং ২০২২-২০২৩ অর্থ বছরের বাজেট পরিকল্পনা প্রতিবেদন আকারে উপস্থাপন করতে হবে। | ৭। প্রধান/উপ-প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা<br><br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br><br>৮। প্রধান/উপ-প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা<br><br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন |

আলোচ্যসূচি ০৪ (গ) ঃ ডেঙ্গু, চিকুনগুনিয়া নিয়ন্ত্রণ ও করণীয় নিয়ে আলোচনা।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ডেঙ্গু ও চিকুনগুনিয়া নিয়ন্ত্রণে করণীয় বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | ১। ম্যালেরিয়া ও মশক নিয়ন্ত্রণ শাখার কার্যক্রম পরিপূর্ণভাবে বাস্তবায়ন করতে হবে।<br><br>২। স্প্রেম্যানদের আলাদা ইফনিফরম পরিধানের মাধ্যমে ঔষধ ছিটানো, মশক প্রজনন ক্ষেত্র ধ্বংস করা, ঝোঁপ ঝাড় পরিষ্কার করার কাজ সুচারুরুপে করতে হবে।<br><br>৩। মশার ঔষধ ক্রয়,রক্ষণা-বেক্ষণ, ওয়ার্ডে বিতরণ ও ব্যবহার সম্পর্কিত প্রতিবেদন মাস ওয়ারী উপস্থাপন করতে হবে।<br><br>৪। বর্ষা আসন্ন বিধায় ডেঙ্গু, চিকুনগুনিয়ার জীবাণুবাহী মশকের বিস্তার রোধে প্রচার-প্রচারণার ব্যবস্থা করতে হবে। | ১) প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা<br><br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br><br>খ) ম্যালেরিয়া ও মশক নিয়ন্ত্রণ কর্মকর্তা<br><br>(অঃদাঃ)<br><br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br><br>২। ম্যালেরিয়া ও মশক নিয়ন্ত্রণ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)<br><br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br><br>৩।ম্যালেরিয়া ও মশক নিয়ন্ত্রণ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)<br><br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br><br>৪। ম্যালেরিয়া ও মশক নিয়ন্ত্রণ কর্মকর্তা (অতিঃদায়িত্ব) চট্টগ্রাম সিটি কর্পোরেশন |

আলোচ্যসূচী ৫ ঃ বিবিধ (১) সচিবালয় বিভাগের দায়িত্ব সম্পর্কিত আলোচনা

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| নিয়োগ,বদলী,পদোন্নতিসহ সকল ধরনের মানব সম্পদ ব্যবস্থাপনা সচিবালয় বিভাগের মাধ্যমে সম্পন্ন করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়। | নিয়ম অনুযায়ী কর্মচারী নিয়োগ,বদলী,পদোন্নতিসহ সকল ধরনের মানব সম্পদ ব্যবস্থাপনা বিষয়ক দায়িত্বসমূহ সচিবালয় বিভাগের মাধ্যমে সম্পন্ন করতে হবে। | ১।(ক)প্রধান নির্বাহী কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>(খ) সচিব<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>(গ)বিভাগীয় প্রধান (সকল)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন |

আলোচ্যসূচী ৫ ঃ বিবিধ (২) চট্টগ্রাম সিটি কর্পোরেশন পুরকৌশল বিভাগ প্রসঙ্গে আলোচনা।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রকৌশল বিভাগের পুরকৌশল শাখার কার্যক্রমের উপর গুরুত্ব আরোপ করে প্রকল্প বাস্তবায়নে গতিশীলতা আনয়নের লক্ষ্যে বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। বর্ষা মৌসুম আসন্ন বিধায় সিডিএ' কর্তৃক বাস্তবায়নাধীন মেগা প্রকল্পের অর্ন্তভুক্ত খালের বাঁধ অপসারণ,খাল সমূহের ঝুঁকিপূর্ণ স্থানে নিরাপত্তা ব্যবস্থা জোরদারের মাধ্যমে অনভিপ্রেত দুর্ঘটনা রোধ করা,নির্মাণকৃত ফ্লাইওভারের স্থান সমূহের ক্ষতিগ্রস্থ রাস্তা ঘাট সমূহ সংস্কার ও নিরাপত্তার ব্যবস্থা করার জন্য চউক বরাবর পত্র প্রেরণ করতে হবে।<br><br>২। বর্ষা মৌসুম শুরুর পূর্বে নগরীর সব খাল নালার মাটি স্কেভেটরের মাধ্যমে উত্তোলন করে পানি নিষ্কাশন | ১-১০।(ক) প্রধান প্রকৌশলী<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>(খ) তত্ত্বাঃ প্রকৌশলী (পুরকৌশল)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>(গ) নিবার্হী প্রকৌশলী (সংশ্লিষ্ট অঞ্চল)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন |

| | | |
|---|---|---|
| | ব্যবস্থা সচল করতে হবে।<br><br>৩। নগরীর ফুটপাতের বিনষ্ট স্ল্যাব মেরামত এবং ঝুঁকিপূর্ণ স্থানে দূর্ঘটনা রোধে নালার উপর স্ল্যাব/নিরাপত্তা বেষ্টনী/নির্দেশক চিহ্ন স্থাপন করতে হবে।<br><br>৪। মেগা প্রকল্প বহির্ভূত ২১টি খাল চিহ্নিত করে সীমানা নির্ধারণ ও সম্ভাব্যতা যাচাইয়ের জন্য কনসালটেন্ট নিয়োগ প্রক্রিয়া দ্রুততার সাথে সম্পন্ন করতে হবে।<br><br>৫।নগরীর রাস্তা ও অলিগলির খানা খন্দক প্যাচওর্য়াক/কার্পেটিং এর মাধ্যমে মেরামত করতে হবে ।<br><br>৬।নগরীতে প্রয়োজনীয় রাস্তা নির্মাণ ও সড়ক উন্নয়নের জন্য চাহিদা প্রকৌশলীদের মাঠ পর্যায়ে সরজমিনে উপস্থিত হয়ে পরিমাপ করে সংশ্লিষ্ট কাউন্সিলরদের সাথে সমন্বয় করে তালিকা প্রস্তুত পূর্বক মেয়র মহোদয় বরাবর উপস্থাপন কতে হবে।<br><br>৭।ওয়ার্ড অফিসের সংস্কার পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি ১৫ দিনের মধ্যে উপস্থাপন করতে হবে।<br><br>৮। কাউন্সিলর কার্যালয়ের প্রয়োজনীয় আসবাবপত্র দ্রুত সরবরাহ করতে হবে।<br><br>৯। ২৪৫০ কোটি টাকা এয়ারপোর্ট রোড, ফুটওভার ব্রীজ,সড়ক উন্নয়ন প্রকল্প, ১২৩০ কোটি টাকারসড়কবাস টার্মিনাল নির্মাণ প্রকল্প,কালভার্ট বাস ট্রাক টার্মিনাল নির্মাণ প্রকল্প, সেবক কলোনী নির্মাণ প্রকল্প, বারইপাড়া | |

| | | |
|---|---|---|
| | খালখনন প্রকল্প, এডিপি অর্ন্তভুক্ত প্রকল্প, জাইকার প্রকল্পের গত মাসের অগ্রগতি প্রতিবেদন সুনিদিষ্ট তথ্য উপাত্তসহ ১০ দিনের মধ্যে উপস্থাপন করতে হবে ।<br><br>১০। প্রকৌশল বিভাগের ২০২১-২০২২ অর্থ বছরের বাজেটের গৃহীত পরিকল্পনা অনুযায়ী অগ্রগতি এবং ২০২২-২০২৩ অর্থ বছরের বাজেট পরিকল্পনা প্রতিবেদন আকারে উপস্থাপন করতে হবে। | |

আলোচ্যসূচী ৫ ঃ বিবিধ (৩) চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বিদ্যুৎ শাখা প্রসঙ্গে আলোচনাঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বিদ্যুৎ শাখার কার্যক্রম বিস্তারিত আলোচনান্তে পাশ্বোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়। | ১।শহরের যে সব স্থানে পোষ্ট এ বাতি জ্বলে না তাতে দ্রুত নতুন বাতি প্রতিস্থাপন করতে হবে।<br><br>২। ওয়ার্ডের চাহিদা মোতাবেক এলইডি বাতি, এনার্জি বাতি,তার সহ যাবতীয় মালামাল সরবরাহ করতে হবে।<br><br>৩। যেসব স্থানে লাইট পোষ্ট নেই আপাতত সেখানে পুরাতন পোষ্ট, শেড লাগাতে হবে।<br><br>৪।এসি রক্ষণাবেক্ষণের জন্য ইজিপির মাধ্যমে বার্ষিক ঠিকাদার নিয়োগ করতে হবে।<br><br>৫। নগরীর আলোকায়নকৃত এলাকা ও আলোকায়ন এখনো সম্পন্ন হয়নি এরূপ এলাকা সমূহের তথ্য ওয়ার্ড ওয়ারী প্রস্তুতপূর্বক আগামী ১৫ দিনের মধ্যে মেয়র মহোদয় বরাবর উপস্থাপন করতে হবে।<br><br>৬। বিদ্যুৎ বিভাগের মাসিক কার্যক্রম ওয়ার্ড ভিত্তিক সুনির্দিষ্ট | ১-৬ ।ক)তত্ত্বাঃ প্রকৌশলী(ভাঃ) (বিদ্যুৎ)<br><br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br><br>খ) নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ)<br><br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন |

| | | |
|---|---|---|
| | ভাবে উল্লেখ পূর্বক মেয়র মহোদয় বরাবার প্রতিমাসে প্রেরণ করতে হবে। | |

আলোচ্যসূচী ৫ ঃ বিবিধ (৪) চট্টগ্রাম সিটি কর্পোরেশনের রাজস্ব বিভাগ প্রসঙ্গে আলোচনাঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের রাজস্ব বিভাগের কার্যক্রম বিস্তারিত আলোচনান্তে পাশ্বোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়। | ১। রাজস্ব আদায়যোগ্য ২৬ খাতের মধ্যে যে সব খাত থেকে রাজস্ব আদায় করা হয় না সে সব খাত সমূহ থেকে রাজস্ব আদায়ের উদ্যোগ নিতে হবে।<br><br>২। ই-রেভিনিউ পদ্ধতিতে গৃহকর ও ট্রেড লাইসেন্সের কার্যক্রমের মাধ্যমে আদায়কৃত অর্থের হিসাব প্রতি সাধারণ সভায় লিখিত ভাবে উপস্থাপন করতে হবে।<br><br>৩।২০১৭-২০১৮ অর্থ বছরের এসেসমেন্ট অনুযায়ী গৃহকর আদায় ও সার্বিক গতিশীলতা আনয়নের জন্য রাজস্ব বিভাগের কর আদায়কারী,ট্যাক্সেশন অফিসারের সাথে মতবিনিময় সভার আয়োজন করতে হবে। | ১ -৩। (ক) প্রধান রাজস্ব কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>(খ) রাজস্ব কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>৪। (ক) প্রধান রাজস্ব কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>(খ) ভূ-সম্পত্তি কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>৫। আইন কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>৬। প্রধান রাজস্ব কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন |

| | | |
|---|---|---|
| | ৪। চসিকের ভূ-সম্পত্তির পরিমাণ, মার্কেট, বাজার ঘাট সমূহের অবস্থান, ইজারা, খাস আদায় ভাড়ার হালনাগাদ তথ্য জরুরি ভিত্তিতে সভাপতি বরাবর উপস্থাপন করতে হবে।<br><br>৫। চসিকের অব্যবহৃত জায়গা সমূহের ডেভেলপার কর্তৃক উন্নয়ন করা যায় কিনা তার আইনগত দিক খতিয়ে দেখে প্রতিবেদন উপস্থাপন করতে হবে।<br><br>৬। রাজস্ব বিভাগের ২০২১-২০২২ অর্থ বছরের বাজেটে গৃহীত পরিকল্পনা অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতি এবং ২০২২-২০২৩ অর্থ বছরের বাজেট পরিকল্পনা প্রতিবেদন আকারে উপস্থাপন করতে হবে। | |

আলোচ্যসূচী ৫ ঃ বিবিধ (৫) চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নগর পরিকল্পনা বিভাগ প্রসঙ্গে আলোচনাঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নগর পরিকল্পনা বিভাগের কার্যক্রম বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়। | ১। নগর পরিকল্পনা বিভাগের অধীনে বাস্তবায়নাধীন সৌন্দর্যবর্ধন প্রকল্পের চুক্তি অনুযায়ী প্রকল্প বাস্তবায়ন না করায় তাদের সাথে সম্পাদিত চুক্তি বাতিল সম্পর্কিত কার্যক্রমের প্রতিবেদন উপস্থাপন করতে হবে।<br><br>২। সৌন্দর্যবর্ধন প্রতিষ্ঠান সমূহের সাথে চুক্তি অনুযায়ী রাজস্ব আদায়ের হালনাগাদ কার্যক্রমের বিবরণ উপস্থাপন করতে হবে। | ১। নগর পরিকল্পনাবিদ<br><br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| | ৩। সৌন্দর্যবর্ধন চুক্তিগুলোতে যে অনিয়ম অসংগতি রয়েছে তা দূরীকরণে বিগত সাধারণ সভায় চুক্তিগুলো রিভিউ করার যে সিদ্ধান্ত ছিল তার বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করতে হবে। | |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০/৫/২২

(মোঃ রেজাউল করিম চৌধুরী)
সভাপতি
ও
মেয়র
চট্টগ্রাম সিটি কর্পোরেশন

স্মারক নং- ৪৬.১১.১৫০০.০০১.০৬.০০২.২২. ৪২৮ (৩) তারিখঃ ২০-০৫-২০২২

**অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-**

১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ।
৩। পুলিশ কমিশনার, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ,চট্টগ্রাম।
৪। চেয়ারম্যান, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
৫। ব্যবস্থাপনা পরিচালক, চট্টগ্রাম ওয়াসা, চট্টগ্রাম।
৬। জেলা প্রশাসক, চট্টগ্রাম।
৭। মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। ..........................................................................................অফিস,চট্টগ্রাম
৯। কাউন্সিলর ...............................নং ওয়ার্ড/সংরক্ষিত আসন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
১০। বিভাগীয় প্রধান (সকল) .................................................................................,বিভাগ, চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
১১। একান্ত সচিব, মাননীয় মেয়র (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)
১২। শাখা প্রধান(সকল)...........................................................................চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
১৩। অফিস কপি।

২০.৫.২০২২

প্রধান নির্বাহী কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন